**TDC (CBCS) Odd Semester Exam., 2019**

# বাংলা

## ( আধুনিক ভারতীয় ভাষা )

**( তৃতীয় ষাণ্মাসিক )**

পাঠক্রম নং : BNGLAN–301T (কলা ও বাণিজ্য)

**( ভাষাতত্ত্ব ও উনিশ শতকের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

**গুচ্ছ—১**

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) গ্রীক উৎসমূলের একটি তত্ভব শব্দের উদাহরণ দাও।

(খ) চন্দ্র, সূর্য—এই শব্দ দুটি সিদ্ধ তৎসম শব্দ না অসিদ্ধ তৎসম শব্দ?

(গ) 'গৃহিণী' শব্দটির অর্ধতৎসম রূপ লেখো।

(ঘ) বাংলা 'মুদ্রা' শব্দটির উৎস ভাষা কী?

(ঙ) 'কার্তুজ' শব্দটি কোন্ ভাষার শব্দ?

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) বাংলা শব্দভাণ্ডারকে কয় শ্রেণিতে ভাগ করা হয়েছে ও কী কী?

(খ) 'অসিদ্ধ তৎসম' শব্দের সংজ্ঞা লেখো।

৩। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত মৌলিক শব্দের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) উদাহরণসহ দেশি আগন্তুক শব্দের সংক্ষিপ্ত পরিচয় দাও।

**গুচ্ছ—২**

৪। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) সংস্কারগত কারণে শব্দের অর্থ পরিবর্তনের একটি উদাহরণ দাও।

(খ) 'নিউজ পেপার'কে আমরা 'পেপার' বলে থাকি। এর ফলে শব্দের অর্থের পরিবর্তন ঘটে। এ ধরনের অর্থ পরিবর্তনের কারণকে কী বলে?

(গ) সন্দেশ = মিষ্টান্ন বা মিষ্ট জাতীয় খাদ্যদ্রব্য>বিশেষ এক রকমের মিষ্টি—অর্থ পরিবর্তনের এই ধারার নাম কী?

(ঘ) অর্থ বিস্তারের একটি উদাহরণ দাও।

(ঙ) ঘটিকাপাল = যে প্রহরজ্ঞাপক ঘণ্টা বাজায়>ঘড়িয়াল = বিশেষ এক প্রজাতির কুমীর> ঘড়েল = চতুর ব্যক্তি—অর্থ পরিবর্তনের এই ধারাকে কী বলে?

৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) শব্দার্থ পরিবর্তনের ধারা কয়টি ও কী কী?

(খ) বিশাল বা বিরাটের সাদৃশ্যেও শব্দের অর্থ পরিবর্তন ঘটে। দুটি উদাহরণ দাও।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) শব্দার্থ পরিবর্তনের ঐতিহাসিক ও উপকরণগত কারণ উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো।

(খ) অর্থ সংকোচ ও অর্থ বিস্তার—শব্দার্থ পরিবর্তনের এই দুই ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও।

**গুচ্ছ—৩**

৭। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) সাধু ও চলিতরীতির মিশ্রণকে কোন্ ধরনের দোষ বলা হয়?

(খ) আভিধানিক শব্দের প্রয়োগ বেশি হয় কোন্ গদ্যরীতিতে — সাধু না চলিত-এ ?

(গ) 'আহার করা' এই যৌগিক ক্রিয়াপদের সংক্ষিপ্ত রূপ লেখো।

(ঘ) অশুদ্ধি সংশোধন করো : তিরস্কার।

(ঙ) 'সংগে' না 'সঙ্গে' কোন্ বানানটি শুদ্ধ ?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) সর্বনাম ও ক্রিয়াপদের ক্ষেত্রে সাধু-চলিতের পার্থক্য নির্ণয় করো।

(খ) অশুদ্ধি সংশোধন করো : শারিরিক, বন্দপাধ্যায়।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) উদাহরণসহ বাংলা চলিত গদ্যরীতির সংজ্ঞা ও কয়েকটি বৈশিষ্ট্য লেখো।

(খ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানানরীতির আটটি বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো।

## গুচ্ছ—৪

১০। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) কমলাকান্ত কোন্ নেশায় আসক্ত ছিলেন ?

(খ) কমলাকান্ত কার আশ্রয়ে বাস করতেন ?

(গ) "পুষ্প আপনার জন্য ফুটে না। পরের জন্য তোমার হৃদয়কুসুমকে প্রস্ফুটিত করিও।" রচনাংশটি 'কমলাকান্তের দপ্তর'-এর কোন্ প্রবন্ধের অন্তর্গত ?

(ঘ) বিশ্বসংসারের বৃহৎ বাজারে কমলাকান্ত প্রথম কোন্ দোকানে গিয়েছিলেন ?

(ঙ) বাংলা সাহিত্যকে কমলাকান্ত কোন্ ফলের সঙ্গে তুলনা করেছেন ?

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) কোন্ পত্রিকায়, কত সালে কমলাকান্তের আত্মপ্রকাশ ঘটে ?

(খ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থাকারে কবে প্রকাশিত হয় ? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে ?

১২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'বসন্তের কোকিল' প্রবন্ধে কাদের বসন্তের কোকিল বলা হয়েছে? 'বসন্তের কোকিল' প্রবন্ধ অবলম্বনে এ বিষয়ে লেখকের অভিমত ব্যক্ত করো।

(খ) 'মনুষ্যফল' প্রবন্ধে সমাজের কিছু সংখ্যক মানুষের স্বভাব-বৈশিষ্ট্য ব্যঙ্গের মোড়কে পরিবেশন করা হয়েছে। বিষয়টি আলোচনা করো।

**গুচ্ছ—৫**

১৩। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) ''হে নূতন, এসো তুমি সম্পূর্ণ _____ পূর্ণ করি''
( শূন্যস্থান পূর্ণ করো )

(খ) 'বৈশাখ' কবিতাটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(গ) বৈশাখের বস্ত্রাঞ্চল কী রঙের?

(ঘ) 'এখনো সমুখে রয়েছে সূচির শবরী'—'শবরী' শব্দের অর্থ কী?

(ঙ) 'স্বপ্ন' কবিতায় কবি-প্রিয়ার নাম কী?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'কল্পনা' কাব্যটির প্রকাশকাল কত? ''বর্ষ হয়ে আসে শেষ, দিন হয়ে এল সমাপন,''—পংক্তিটি 'কল্পনা' কাব্যের কোন্ কবিতার অন্তর্ভুক্ত?

(খ) 'কল্পনা' ছাড়া রবীন্দ্রনাথের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'দুঃসময়' কবিতার ভাববস্তু নিজের ভাষায় লেখো।

(খ) 'স্বপ্ন' কবিতায় বর্ণিত কবির মানস-অভিসারের সংক্ষিপ্ত পরিচয় দাও।

★★★